আপনাদের ধন্যবাদ

বাড়ির সবার কোভিড হয়েছিল। আমার হয়নি। ছোট বলে বোধহয়। এসময় আমি দেখেছি কোভিড যোদ্ধাদের। তাঁদের মধ্যে কেউ বেঁচে আছেন, অনেকেই নেই। তাঁদের জন্য আমি আজও মা বাবা ঠাকুমা দাদুর সঙ্গে থাকতে পারছি। পশ্চিমবঙ্গ শিশু অধিকার সুরক্ষা আয়োগের ২০২১-র ক্যালেন্ডারের মাধ্যমে আমি কোভিড যোদ্ধাদের ধন্যবাদ জানাই।

WEST BENGAL COMMISSION FOR PROTECTION OF CHILD RIGHTS
ICMARD Building, 9th Floor, Block-14/2, C.I.T. Scheme - VIII (M), Ultadanga, Kolkata – 700 067
E-mail: wbscpcr@gmail.com Website: www.wbcpcr.org
WhatsApp Helpline: 9836-300-300
Facebook: https://www.facebook.com/WBCPCR.Official
Twitter: https://twitter.com/WBCPCR
Instagram: https://www.instagram.com/wbcpcr
YouTube: https://www.youtube.com/c/WBCPCROfficial
Phone: 033 6824 6363, Tele fax: 033 6824 6350

ভাবনা
অনন্যা চক্রবর্তী

শিল্পী
সুব্রত গঙ্গোপাধ্যায়

লেখা
মহুয়া সাঁতরা

বিন্যাস
নোটন সরকার

তত্ত্বাবধানে
সুদেষ্ণা রায়
যশোবন্তী শ্রীমানী

সহায়তা
কুলদীপ পোল্লে

নিবেদনে
পশ্চিমবঙ্গ শিশু অধিকার সুরক্ষা আয়োগ

ডাক্তারবাবু

আপনাকে ধন্যবাদ

হাসপাতালে রুগি দেখতে দেখতেই জ্বর এসেছিল। বাড়ি যান। কোভিড পজিটিভ আসে। ভয় পাননি। আইসোলেশনেই ছিলেন। কিন্তু একদিন অজ্ঞান হয়ে গেলেন। সেই যে হাসপাতালে গেলেন আর ফিরলেন না। আমার মা ফিরে এলেন। ডাঃ মণ্ডল। ডাঃ ইসলাম বা আপনি হয়তো আপনার ডাক্তারবাবুকে অন্য কোনও নামে চেনেন। কাগজে ছবি বেরিয়েছিল। মা বললেন, নমো করো। উনি আমাদের ঈশ্বর।

JANUARY 2021

Sun		17
Mon		18
Tue		19
Wed		20
Thu		21
Fri	1	22
Sat	2	23
Sun	3	24
Mon	4	25
Tue	5	26
Wed	6	27
Thu	7	28
Fri	8	29
Sat	9	30
Sun	10	31
Mon	11	
Tue	12	
Wed	13	
Thu	14	
Fri	15	
Sat	16	

● 1 ইংরেজি নববর্ষ 12 স্বামী বিবেকানন্দের জন্মদিন
23 নেতাজি সুভাষচন্দ্র বসুর জন্মদিন 26 প্রজাতন্ত্র দিবস

West Bengal Commission for Protection of Child Rights
Phone: 033 6824 6363, Tele fax: 033 6824 6350

FEBRUARY 2021

Sun		21
Mon	1	22
Tue	2	23
Wed	3	24
Thu	4	25
Fri	5	26
Sat	6	27
Sun	7	28
Mon	8	
Tue	9	
Wed	10	
Thu	11	
Fri	12	
Sat	13	
Sun	14	
Mon	15	
Tue	16	
Wed	17	
Thu	18	
Fri	19	
Sat	20	

সাফাই দাদা

আপনাকে ধন্যবাদ

বাঁশি বাজিয়ে প্রতিদিন ঘরের ময়লা নিয়ে যান সাফাই দাদা। সবাই ভয় পাচ্ছে, কেউ বেরোচ্ছে না বাইরে। জানালা দিয়ে বললাম, সাফাই দাদা, আপনার একদিনও ছুটি নেই? ভয় করে না আপনার? বলেন, করে। আমার মা কাঁদে। বলে, যাস নে খোকা ওরে। আমি বলি, আমি না গেলে, এত নোংরা পরিষ্কার করবে কে? সবাই ভয় পেলে চলবে? আমি কাগজের গ্লাসে জল রাখলাম জানালার ধারে, সাফাই দাদার জন্য। আর কাগজেরই প্লেটে দুটো বাতাসা।

West Bengal Commission for Protection of Child Rights
Phone: 033 6824 6363, Tele fax: 033 6824 6350

অ্যাম্বুলেন্স কাকু

আপনাকে ধন্যবাদ

মায়ের সেদিন খুব জ্বর। ভুল বকছেন। অ্যাম্বুলেন্স এল। মুখে মাস্ক, মাথায় টুপি, চালক কাকুই নেমে এলেন স্ট্রেচার নিয়ে। সরু সিঁড়ি দিয়ে মা-কে নামিয়ে নিয়ে গেলেন। আমিও সঙ্গে সঙ্গে নীচে নামছিলাম। বললেন, তুমি নেমো না। আর কেঁদো না। তোমার মা ঠিক ভাল হয়ে ফিরবেন। কত মা কত বাবা তার সন্তানের কাছে ফিরে এসেছেন আপনি নিজের জীবনের পরোয়া না করে তাড়াতাড়ি হাসপাতালে পৌঁছে দিয়েছেন বলে। জানি না আর কোনওদিন আপনার সঙ্গে দেখা হবে কিনা! আপনি ভাল আছেন তো অ্যাম্বুলেন্স কাকু?

MARCH 2021

Sun		21
Mon	1	22
Tue	2	23
Wed	3	24
Thu	4	25
Fri	5	26
Sat	6	27
Sun	7	28
Mon	8	29
Tue	9	30
Wed	10	31
Thu	11	
Fri	12	
Sat	13	
Sun	14	
Mon	15	
Tue	16	
Wed	17	
Thu	18	
Fri	19	
Sat	20	

● 11 শিবরাত্রি 28 দোলযাত্রা 29 হোলি 30 শবেবরাত

West Bengal Commission for Protection of Child Rights
Phone: 033 6824 6363, Tele fax: 033 6824 6350

APRIL
2021

Sun		18
Mon		19
Tue		20
Wed		21
Thu	1	22
Fri	2	23
Sat	3	24
Sun	4	25
Mon	5	26
Tue	6	27
Wed	7	28
Thu	8	29
Fri	9	30
Sat	10	
Sun	11	
Mon	12	
Tue	13	
Wed	14	
Thu	15	
Fri	16	
Sat	17	

মুদি দিদা

আপনাকে ধন্যবাদ

মা-বাবা দুজনেই তখন হাসপাতালে। ঠাকুমা সুস্থ হয়ে উঠেছে। কলিংবেল বাজতে, জানালা খুলি। পাড়ার মুদি দিদা। মুখে মাস্ক, হাতে একটা ব্যাগ। নানা জিনিসের সঙ্গে ডিম, বিস্কুট, পাউরুটি উঁকি দিচ্ছে। আর হাতে কাগজের চিরকুটে একটা ফোন নম্বর। দরজার সামনে সব নামিয়ে রেখে বললেন, কিছু খেতে ইচ্ছে করলে এই নম্বরে ফোন করে দেবে। দাম নিয়ে ভাবতে হবে না। মা বাবা ফিরলে ঠিক নিয়ে নেব। বলতে চাইলাম, আমি বড় হয়ে আপনার মতো বড় মানুষ হব দিদা। বলতে পারিনি। কান্না পেয়েছিল খুব।

West Bengal Commission for Protection of Child Rights
Phone: 033 6824 6363, Tele fax: 033 6824 6350

● 2 গুডফ্রাইডে 3 ইস্টার স্যাটারডে
14 ড: বি আর আম্বেদকারের জন্মদিন 15 বাংলা নববর্ষ 25 মহাবীর জয়ন্তী

বৈজ্ঞানিক

আপনাকে ধন্যবাদ

মা বলেছেন, যখন কোনও দুর্যোগ আসে, তখন কিছু মানুষ প্রাচীরের মতো বুক পেতে দাঁড়ান, গোটা মানবসভ্যতা বেঁচে যায় তাঁদের জন্য। রাত নেই দিন নেই কত শত বৈজ্ঞানিক একান্তে গবেষণা করে চলেছেন ল্যাবরেটরিতে। শুধু একটা ওষুধ, একটা ভ্যাকসিনের জন্য। আজ পর্যন্ত যেটুকু জানা গেছে কোভিড সম্পর্কে, সব তাঁদের এই গবেষণার ফসল। ইন্টারনেট থেকে পড়ে পড়ে বাবা আমাকে সে সব গল্প শুনিয়েছে। আগামীর রোনাল্ড রস, আলেকজান্ডার ফ্লেমিং, উপেন্দ্রনাথ ব্রহ্মচারী। আবার বাঁচাবেন তাঁরাই। আপনাদের কুর্নিশ।

MAY 2021

Sun		16
Mon		17
Tue		18
Wed		19
Thu		20
Fri		21
Sat	1	22
Sun	2	23
Mon	3	24
Tue	4	25
Wed	5	26
Thu	6	27
Fri	7	28
Sat	8	29
Sun	9	30
Mon	10	31
Tue	11	
Wed	12	
Thu	13	
Fri	14	
Sat	15	

●1 মে দিবস 9 রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মদিন
14-15 ইদুলফিতর 26 বুদ্ধপূর্ণিমা

West Bengal Commission for Protection of Child Rights
Phone: 033 6824 6363, Tele fax: 033 6824 6350

JUNE
2021

Sun		20
Mon		21
Tue	1	22
Wed	2	23
Thu	3	24
Fri	4	25
Sat	5	26
Sun	6	27
Mon	7	28
Tue	8	29
Wed	9	30
Thu	10	
Fri	11	
Sat	12	
Sun	13	
Mon	14	
Tue	15	
Wed	16	
Thu	17	
Fri	18	
Sat	19	

সাংবাদিক

আপনাকে ধন্যবাদ

আপনি কোভিড হাসপাতালে। আপনি মর্গে। আপনি কন্টেনমেন্ট জোনে। আপনি লাইভ করছেন। আপনি লিখছেন। মা বাবা দাদু দিদা খাবার টেবিলে বসে খবরের কাগজে সেসব পড়ছে, টিভি-তে শুনে নিচ্ছে কোভিড নিয়ে সর্বশেষ পরিস্থিতি। মা চিনিয়ে দিয়েছে আপনাকে। আপনি সাংবাদিক। মা বলেছে, আমরা সাইক্লোন দেখি আপনার ক্যামেরা হয়ে। আমরা অন্যায়ের বিরুদ্ধে গর্জে উঠি আপনার রিপোর্ট পড়ে।
সাহসের অন্য নাম সাংবাদিকতা। আমি আপনার মতো সাহসী হব।

West Bengal Commission for Protection of Child Rights
Phone: 033 6824 6363, Tele fax: 033 6824 6350

এনজিও দাদু

আপনাকে ধন্যবাদ

আমাদের বাড়ির গা ঘেঁষেই চাঁপামাসিদের ঘর। অনেক অনেক ঘর, এক উঠোন। কোভিডে কারও মায়ের কাজ চলে গেছে, কারও বাবার। তখন দেখলাম, এনজিও দাদু আপনাকে। কয়েকজনকে নিয়ে চাল ডাল বিলোচ্ছেন। ছোটদের পড়াচ্ছেন। তারপর একদিন সবাই এল, আপনি এলেন না। কোভিড। হাসপাতালে, কোমায়। সেখান থেকেও আপনি ফিরলেন, কোভিড জয় করে, মাস তিনেক পরে। আপনার তো ভয় করে না দাদু? আমারও করে না। আমাকে নেবেন দাদু আপনাদের কাজে?

JULY 2021

Sun		18
Mon		19
Tue		20
Wed		21
Thu	1	22
Fri	2	23
Sat	3	24
Sun	4	25
Mon	5	26
Tue	6	27
Wed	7	28
Thu	8	29
Fri	9	30
Sat	10	31
Sun	11	
Mon	12	
Tue	13	
Wed	14	
Thu	15	
Fri	16	
Sat	17	

● 12 রথযাত্রা 13 কবি ভানুভক্তের জন্মদিন (দার্জিলিং ও কালিম্পং) 21 ইদুজ্জোহা

West Bengal Commission for Protection of Child Rights
Phone: 033 6824 6363, Tele fax: 033 6824 6350

AUGUST 2021

Sun	1	22
Mon	2	23
Tue	3	24
Wed	4	25
Thu	5	26
Fri	6	27
Sat	7	28
Sun	8	29
Mon	9	30
Tue	10	31
Wed	11	
Thu	12	
Fri	13	
Sat	14	
Sun	15	
Mon	16	
Tue	17	
Wed	18	
Thu	19	
Fri	20	
Sat	21	

পুলিশ পিসিমণি

আপনাকে ধন্যবাদ

দরজা খুলছিলেন না, সবাই খবর দিল থানায়। দরজা ভেঙে ঘরে ঢুকে পাশের বাড়ির অসুস্থ দাদুকে হাসপাতালে ভর্তি করিয়ে দিলেন। লকডাউন কেউ মানছিল না, আপনি এসে দাঁড়ালেন। ফুটপাতের দিদা মরে যেতে ভয়ে কেউ ছুঁচ্ছিল না, আপনি সৎকারের ব্যবস্থা করলেন। লকডাউনে ঘরে ঘরে খাবার পৌঁছে দিলেন। জানালা দিয়ে সব দেখেছি আমি। বাবা একটা পুলিশের ড্রেস এনে দিয়েছিল। তখন পরিনি। এবার পরতে ইচ্ছে করছে। কেমন হবে পিসিমণি, আমি যদি বড় হয়ে আপনার মতো পুলিশ অফিসার হই?

West Bengal Commission for Protection of Child Rights
Phone: 033 6824 6363, Tele fax: 033 6824 6350

স্কুলের দিদিমণি

আপনাকে ধন্যবাদ

অনলাইনে পড়ানোর জন্যই আপনি স্মার্ট ফোন কিনেছেন। ভোরে উঠে রান্না সেরে, ছোট্ট মেয়েটাকে স্নান করে, খাইয়ে আমাদের ক্লাস নিয়ে গেছেন প্রতিদিন। একটাই ঘর। মেয়েকে সেখানে খেলনাপাতি দিয়ে, ডাইনিং-এ বসে পড়িয়েছেন আমাদের। এসব জেনেছি মায়ের কাছ থেকে। দিদিমণি মায়ের ছোটবেলার বন্ধু। কোভিড স্কুল বন্ধ করে দিয়েছে, কিন্তু পড়াশুনা বন্ধ করতে পারেনি, শুধু আপনার জন্য দিদিমণি। আপনি আমার প্রণাম নেবেন।

SEPTEMBER 2021

Sun		19
Mon		20
Tue		21
Wed	1	22
Thu	2	23
Fri	3	24
Sat	4	25
Sun	5	26
Mon	6	27
Tue	7	28
Wed	8	29
Thu	9	30
Fri	10	
Sat	11	
Sun	12	
Mon	13	
Tue	14	
Wed	15	
Thu	16	
Fri	17	
Sat	18	

West Bengal Commission for Protection of Child Rights
Phone: 033 6824 6363, Tele fax: 033 6824 6350

OCTOBER
2021

Sun		17
Mon		18
Tue		19
Wed		20
Thu		21
Fri	1	22
Sat	2	23
Sun	3	24
Mon	4	25
Tue	5	26
Wed	6	27
Thu	7	28
Fri	8	29
Sat	9	30
Sun	10	31
Mon	11	
Tue	12	
Wed	13	
Thu	14	
Fri	15	
Sat	16	

প্রশাসন

আপনাকে ধন্যবাদ

বাড়ির সবার খুব মন খারাপ। আমারও। মা-বাবা দুজনেরই বন্ধু। খুব বড় সরকারি অফিসার। সবাই বলাবলি করছিল, পরিযায়ী মানুষকে নিরাপদ আশ্রয়ে পৌঁছে দেবার, কোয়ারেন্টাইন সেন্টারগুলোর দায়িত্বে ছিলেন। রিপোর্ট এসেছে। কোভিড পজিটিভ। তাড়াতাড়ি ভাল হয়ে উঠুন মাসিমণি। সামনে আমার জন্মদিন। রাত্তির ১২টা বাজলেই প্রথম ফোনটা করে হ্যাপি বার্থ ডে বলবেন না আমায়? দিদা বলেছে, এ বিপর্যয়ের দিনে সজাগ সচল প্রশাসন কতটা জরুরি, বড় হলে বুঝতে পারবে। আমি আপনার মতো দায়িত্ববান হতে কি পারব, মাসিমণি?

West Bengal Commission for Protection of Child Rights
Phone: 033 6824 6363, Tele fax: 033 6824 6350

● 2 মহাত্মা গান্ধীর জন্মদিন 6 মহালয়া 11-18 দুর্গাপুজো
19 ফতেহা-দোয়াজদাহাম 20-22 লক্ষ্মীপুজো

সেনাবাহিনী

আপনাকে ধন্যবাদ

স্কুলে 'যেমন খুশি সাজো' প্রতিযোগিতায় আমি মিলিটারি অফিসার হয়েছিলাম। কাঁধের কাছে অনেকগুলো স্টার। 'এখানে এত স্টার কেন মা?' 'ওগুলো হল পদমর্যাদা'। যখন তুফান আসে, ওঁরা মানুষকে সরিয়ে নিয়ে যান নিরাপদ আশ্রয়ে। সন্ত্রাসবাদীরা হানা দিলে, নেমে আসেন হেলিকপ্টার থেকে। অনন্ত সমুদ্রে প্রায়-ডুবন্ত একচিলতে চর বা হাজার হাজার ফুট উঁচু হিমশীতল পাহাড়ের ওপর অতন্দ্র প্রহরায় থাকেন সর্বক্ষণ। সারা দেশ ঘরে থেকে কোভিড যুদ্ধ লড়তে পারে, ওঁরা বাইরে পাহারা দেন বলে। ভারতীয় সেনাবাহিনী, আপনাদের অভিবাদন।

NOVEMBER 2021

Sun		21
Mon	1	22
Tue	2	23
Wed	3	24
Thu	4	25
Fri	5	26
Sat	6	27
Sun	7	28
Mon	8	29
Tue	9	30
Wed	10	
Thu	11	
Fri	12	
Sat	13	
Sun	14	
Mon	15	
Tue	16	
Wed	17	
Thu	18	
Fri	19	
Sat	20	

● 4-5 কালীপুজো 6 ভাইফোঁটা 9-10 ছটপুজো 14 শিশু দিবস 14-20 শিশু অধিকার সপ্তাহ
19 গুরু নানকের জন্মদিন 20 আন্তর্জাতিক শিশু অধিকার দিবস

West Bengal Commission for Protection of Child Rights
Phone: 033 6824 6363, Tele fax: 033 6824 6350

DECEMBER 2021

Sun		19
Mon		20
Tue		21
Wed	1	22
Thu	2	23
Fri	3	24
Sat	4	25
Sun	5	26
Mon	6	27
Tue	7	28
Wed	8	29
Thu	9	30
Fri	10	31
Sat	11	
Sun	12	
Mon	13	
Tue	14	
Wed	15	
Thu	16	
Fri	17	
Sat	18	

● 25 বড়দিন

নার্স দাদা

আপনাকে ধন্যবাদ

সুস্থ হয়ে হাসপাতাল থেকে আসার সময় নার্স দাদাকে বাবা বলেছে, ভাল থাকবেন ব্রাদার। আপনাদের জন্যই জীবন ফিরে পেলাম। ব্রাদার বাবাকে একটা ডায়েরি উপহার দিয়েছেন। তার একেক পাতায় একেকটা রং। বাবা বাড়ি ফিরে স্যানিটাইজ করে সেটা আমায় দিয়েছে। প্রথম পাতায় লিখে দিয়েছে, একটা গানের দুটো লাইন। বব ডিলান।
'হাউ মেনি রোডস মাস্ট আ ম্যান ওয়াক ডাউন / বিফোর ইউ কল হিম আ ম্যান?'

West Bengal Commission for Protection of Child Rights
Phone: 033 6824 6363, Tele fax: 033 6824 6350

স্বাগত ২০২২ । আলো আসুক । ভাল আসুক ।